৫০১১৯

# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

**প্রধান কার্যালয়**

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।



**পরিসংখ্যান বিভাগ**

(ইসলামিক ব্যাংকিং এবং ফাইন্যান্স ডাটাবেইজ ইউনিট)

এসটিডি সার্কুলার লেটার নং- ০১

তারিখঃ ২০ সেপ্টেম্বর, ২০২৬ / ৭ আশ্বিন, ১৪৩৩

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল ইসলামিক ব্যাংক/ ফাইন্যান্স কোম্পানি এবং
কনভেনশনাল ব্যাংক/ ফাইন্যান্স কোম্পানির শাখা/ উইন্ডো।

প্রিয় মহোদয়,

**Islamic Financial Transactions সংক্রান্ত তথ্য রিপোর্টিং প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে অত্র বিভাগের ০৬/০২/২০২২ তারিখের সার্কুলার পত্র নং- ০২ এবং ১৫/০১/২০২৫ তারিখের সার্কুলার নং- ০১ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

অত্র বিভাগের ইসলামিক ব্যাংকিং এবং ফাইন্যান্স ডাটাবেইজ ইউনিট কর্তৃক সকল ইসলামিক ব্যাংক/ফাইন্যান্স কোম্পানি হতে মাসিক ভিত্তিতে সংগৃহিত ইসলামিক ফাইন্যান্সিয়াল লেনদেন সংক্রান্ত তথ্য রিপোর্টিং সহজীকরণ, যুগোপযোগী এবং আধুনিকায়ন করার লক্ষ্যে এতদ্‌সংক্রান্ত Guideline প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত Guideline-এ সকল ইসলামিক ব্যাংক/ ফাইন্যান্স কোম্পানির ইসলামিক ফাইন্যান্সিয়াল লেনদেন রিপোর্টিং সংক্রান্ত Data Template সমূহে কিছু কিছু ক্ষেত্রে সংযোজন/ বিয়োজন/ পরিবর্তনপূর্বক নতুনভাবে পুনর্গঠন করা হয়েছে। এক্ষণে বাংলাদেশে কার্যরত সকল ইসলামিক ব্যাংক/ফাইন্যান্স কোম্পানি কনভেনশনাল ব্যাংক/ ফাইন্যান্স কোম্পানির ইসলামিক শাখা/ উইন্ডোসমূহকে তাদের ইসলামিক ফাইন্যান্সিয়াল লেনদেন সংক্রান্ত প্রতি মাসের তথ্য পরবর্তী মাসের ১৫ (পনের) তারিখের মধ্যে নিম্নোক্তভাবে দাখিলের নির্দেশনা প্রদান করা হলোঃ

ক) সেপ্টেম্বর ২০২৬, অক্টোবর ২০২৬ এবং নভেম্বর ২০২৬ মাসের তথ্য পুরাতন Data Template অনুযায়ী দাখিল করার পাশাপাশি প্রস্তুতকৃত গাইডলাইনে সংযুক্ত নতুন Data Template অনুযায়ী দাখিল করা;

খ) ডিসেম্বর ২০২৬ মাসের তথ্য হতে তদ্‌পরবর্তী মাসের সকল তথ্য শুধুমাত্র প্রস্তুতকৃত গাইডলাইনে সংযুক্ত নতুন Data Template অনুযায়ী দাখিল করা;

গ) ইসলামিক ব্যাংকের শাখা/উইন্ডোসমূহকে STD_IBFD_monthname_BankCode নামীয় File এর মাধ্যমে এবং ইসলামিক ফাইন্যান্স কোম্পানির শাখা/ উইন্ডোসমূহ STD_IBFD_monthname_FinComCode নামীয় File এর মাধ্যমে ইসলামিক ফাইন্যান্সিয়াল লেনদেন সংক্রান্ত তথ্য দাখিল করা।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত

Mohammad Rabiul Islam

(মোহাম্মদ রবিউল ইসলাম)
পরিচালক
ফোনঃ ৯৫৩০১১৫